AME (ICT RTHD)
03/05/2018.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাজেট শাখা
www.rthd.gov.bd

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৭-১৮ এর জুলাই-মার্চ'২০১৮ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : **মোঃ নজরুল ইসলাম**
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ
তারিখ : **১৯.০৪.২০১৮ খ্রিষ্টাব্দ**
সময় : বিকাল ০৩.০০ মিনিট
উপস্থিতি : **পরিশিষ্ট 'ক'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৭-১৮ এর জুলাই-মার্চ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভায় APA'র প্রতিটি কর্মসম্পাদন সূচকের (PI) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। যে সমস্ত কর্মসম্পাদন সূচকের জুলাই-মার্চ'২০১৮ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক নয়, সে সমস্ত সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে কর্মকৌশল নির্ধারণ করতঃ জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন অগ্রগতি/অর্জিত না হওয়ার কারণ	সিদ্ধান্ত
[১.১.১] বাস্তবায়িত পদ্মা লিংক মহাসড়ক নির্মান প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) লক্ষ্যমাত্রা- ৬০% (ক্রমপুঞ্জিভূত)	পদ্মালিংক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে পদ্মালিংক মহাসড়ক নির্মান প্রকল্পটি নির্ধারিত সময়ে সমাপ্ত করার পরিকল্পনা নিয়ে কাজ করা হচ্ছে। মার্চ-২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত অগ্রগতি ৪৭%। APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী জুন/২০১৮ এর প্রকল্পের ৬০% কাজ সমাপ্ত হবে।	APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী জুন-১৮ এর মধ্যে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ৬০% (ক্রমপুঞ্জিভুত) অর্জন করতে হবে। **বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ:** প্রকল্প পরিচালক, পদ্মা লিংক মহাসড়ক নির্মান প্রকল্প।
[১.১.২] বাস্তবায়িত সাসেক প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) লক্ষ্যমাত্রা- ৬৬% (ক্রমপুঞ্জিভুত)	প্রকল্প পরিচালক জানান যে জুন'২০১৮ এর মধ্যে প্রকল্পের কাজ ৭১% বাস্তবায়ন করা সম্ভব হবে।	জুন'২০১৮ এর মধ্যে APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন ৬৬% নিশ্চিত করতে হবে। **বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ:** প্রকল্প পরিচালক, সাসেক প্রকল্প।
[১.১.৩] বাস্তবায়িত সাসেক-২ প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) লক্ষ্যমাত্রা- ২০% (ক্রমপুঞ্জিভুত)	প্রকল্প পরিচালক জানান যে প্রথমে মামলা থাকায় যথাসময়ে ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা যায়নি। তাছাড়া ADB'র সম্মতি সময়মত না পাওয়ায় প্রকল্পের অগ্রগতি আশানুরূপ হয়নি। তিনি আরও জানান যে APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০% অর্জন করা সম্ভব হবে না। সর্বোচ্চ অর্জন ১০% হতে পারে।	APA'র ন্যূনতম লক্ষ্যমাত্রা ১৬% অর্জনের প্রচেষ্টা গ্রহণ করতে হবে। **বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ:** প্রকল্প পরিচালক, সাসেক-২ প্রকল্প।
[১.৬.১] বাস্তবায়িত কেএমজি (২য়) প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) লক্ষ্যমাত্রা ৪৫% (ক্রমপুঞ্জিভুত)	প্রকল্প পরিচালক জানান যে জুন'২০১৮ এর মধ্যে APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ৪৫% এ উন্নীত করা সম্ভব হবে।	জুন'২০১৮ এর মধ্যে APA'র নির্ধারিত লক্ষ্যমাত্রা ৪৫% অর্জন নিশ্চিত করতে হবে। **বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ:** প্রকল্প পরিচালক, কেএমজি (২য়) প্রকল্প।
[১.৬.২] বাস্তবায়িত পায়রা সেতু প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) লক্ষ্যমাত্রা- ৫২% (ক্রমপুঞ্জিভুত)	পায়রা সেতু নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে মূল সেতুর টেস্ট পাইল হতে পাওয়া ফলাফল হতে দেখা যায় পাইলের লোড ধারণ ক্ষমতা, প্রণীত নক্সা অনুযায়ী না হওয়ায় আরও একটি নতুন টেস্ট পাইল করার দরকার হয়। সে অনুযায়ী সেতুর ফাউন্ডেশানের নক্সা পরিবর্তন করা হয়। বর্তমানে মার্চ'২০১৮ হতে নতুন নক্সা অনুযায়ী কাজ শুরু হয়েছে। এ জন্য	পরবর্তীকালে APA'তে এ প্রকল্পের জন্য যথাযথ লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। **বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ:** প্রকল্প পরিচালক, পায়রা সেতু প্রকল্প।

[১.৬.৩] বাস্তবায়িত ভুলতা ফ্লাইওভার প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) লক্ষ্যমাত্রা- ৯৮% (ক্রম)	প্রকল্প পরিচালক জানান যে এ প্রকল্পের ডিজাইন পরিবর্তন করে ডিপিপি পুনঃসংশোধন করা হয়েছে। তাই প্রকল্পের অর্জন APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন করা সম্ভব হবে না। জুন '২০১৮ পর্যন্ত অগ্রগতি সর্বোচ্চ ৭৫% হতে পারে।	পরবর্তীকালে APA'তে প্রকল্পের জন্য যথাযথ লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ: প্রকল্প পরিচালক, ভুলতা ফ্লাইওভার নির্মাণ প্রকল্প।
[১.৮.১] মনিটরিং টিমের ভিজিট লক্ষ্যমাত্রা- ৬০টি	উপসচিব (বাজেট) জানান যে মার্চ'২০১৮ পর্যন্ত এ বিভাগের ৬০টি মনিটরিং টীমের ভিজিট অনুষ্ঠিত হয়েছে। সভাপতি জানান যে চলতি কোয়ার্টারে অবশিষ্টাংশ অর্জন নিশ্চিত করতে ব্যবস্থা নিতে হবে।	৩য় কোয়ার্টারে মনিটরিং টীমের ভিজিট বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
[২.৩.১] ট্যাক্স টোকেন যাচাইকৃত মোটর সাইকেল লক্ষমাত্রা- ৭৫০০টি	এ সূচকের অর্জন মাত্র-২৯৬টি যা অত্যন্ত নগন্য। চেয়ারম্যান, বিআরটিএ জানান যে বিশেষ ভ্রাম্যমান আদলতের মাধ্যমে এ সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা চালানো হবে। সভাপতি জানান যে সঠিক উদ্যোগ গ্রহন করলে এ লক্ষ্যমাত্রাটি অর্জন করা সম্ভব হবে।	ভ্রাম্যমান আদালতের সহযোগিতায় এ সূচকের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ: চেয়ারম্যান, বিআরটিএ।
[২.৫.১] সংগৃহীত রাজস্ব লক্ষ্যমাত্রা ১৬০০ কোটি টাকা	এ সূচকের অর্জন মার্চ'২০১৮ পর্যন্ত ১১৮৭.২৭ কোটি টাকা। চেয়ারম্যান বিআরটিএ জানান যে APA 'র লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব অর্জন করা সম্ভব হবে।	জুন'২০১৮ এর মধ্যে APA 'র লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব অর্জন করতে হবে। বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ: চেয়ারম্যান, বিআরটিএ।
[২.৬.৩] জেলা পর্যায়ে সভা পরিচালিত লক্ষ্যমাত্রা- ৫০টি	এ সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিআরটিএ কর্তৃক জেলা পর্যায়ে ২৬টি সভার অনুষ্ঠান করেছে। সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী জেলা পর্যায়ে সভা অনুষ্ঠানের পরামর্শ প্রদান করেন। চেয়ারম্যান বিআরটিএ এ সূচকের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে মর্মে জানান।	এ সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী জেলা পর্যায়ে ৫০টি সভা অনস্থান নিশ্চিত করতে হবে। বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ: চেয়ারম্যান, বিআরটিএ।
[৩.৩.১] মোবাইল কোর্টে রুজুকৃত মামলা লক্ষ্যমাত্রা ৩৫০০০টি	এ সূচকের অর্জন লক্ষ্যমাত্রার অর্ধেকেরও কম। চেয়ারম্যান বিআরটিএ জানান যে বিআরটিএ'তে বর্তমানে নির্বাহী ম্যাজিস্ট্রেটের স্বল্পতার কারণে কাঙ্খিত মাত্রায় মোবাইল কোর্ট করা সম্ভব হচ্ছেনা। সভাপতি জেলা প্রশাসকদের সহায়তায় মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধি করার পরামর্শ প্রদান করেন।	জেলা প্রশাসকদের সহায়তায় মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে এ সূচকের বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করতে হবে। বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ: চেয়ারম্যান, বিআরটিএ।
[৪.১.১] বাস্তবায়িত এমআরটি লাইন-৬ প্রকল্প (ক্রমপুঞ্জীভুত) লক্ষ্যমাত্রা- ২০% (ক্রমপুঞ্জীভুত)	মার্চ'২০১৮ পর্যন্ত এমআরটি লাইন-৬ প্রকল্পের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি ১৪.৬২%। এ প্রকল্পের প্রতিনিধি জানান যে প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবাযন সঠিক মাত্রায় রয়েছে। তবে ঢাকা মহানগরীর যানজটসহ অন্যান্য বিবেচনায় প্রত্যাশিত মাত্রা কাজ করা সম্ভব হচ্ছেনা। তিনি জানান যে জুন ১৮ পর্যন্ত সর্বোচ্চ ১৬% বাস্তব অগ্রগতি হতে পারে।	জুন'১৮ এর মধ্যে APA'র লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য রেখে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ন্যূনতম ১৬% এ উন্নীত করতে হবে। বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ: প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৬ নির্মাণ প্রকল্প।
[৪.২.১] এমআরটি লাইন-১ নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন লক্ষ্যমাত্রা ১৫.০৪.২০১৮	ডিটিসিএ'র প্রতিনিধি জানান ইতোমধ্যে সম্ভাব্যতা সমীক্ষার ড্রাফট প্রণয়ন করা হয়েছে। APA'তে নির্ধারিত তারিখের মধ্যে সমীক্ষা সম্পাদন করা সম্ভব হবে।	APA'তে নির্ধারিত সময়সীমার মধ্যে সমীক্ষা সম্পন্ন নিশ্চিত করতে হবে। বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ: নির্বাহী পরিচালক, ডিটিসিএ
[৪.২.১] এমআরটি লাইন-৫ নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন	ডিটিসিএ'র প্রতিনিধি জানান ইতোমধ্যে সম্ভাব্যতা সমীক্ষার ড্রাফট প্রণয়ন করা হয়েছে। APA'তে নির্ধারিত তারিখের মধ্যে সমীক্ষা	APA'তে নির্ধারিত সময়সীমার মধ্যে সমীক্ষা সম্পন্ন নিশ্চিত করতে হবে।

[৪.৪.১] বাস্তবায়িত বিআরটি প্রকল্প (ক্রমপুঞ্জীভূত) লক্ষ্যমাত্রা- ৩৫% (ক্রমপুঞ্জীভুত)	প্রকল্প পরিচালক জানান যে প্রকল্পটি বাস্তবায়ন অগ্রগতি বিভিন্ন কারণে অনেক পিছিয়ে রয়েছে। এই প্রকল্পটির বিবিএ ও স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিচালিত অংশের বাস্তবায়ন যথাসময়ে হচ্ছেনা। তিনি সার্বিক বিবেচনায় APA'তে নির্ধারিত লক্ষ্যমাত্রা নির্ধারণ সঠিক ছিলনা মর্মে তিনি মন্তব্য করেন।	পরবর্তীকালে APA'তে এ প্রকল্পের জন্য যথাযথ লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। **বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ:** প্রকল্প পরিচালক, বিআরটি প্রকল্প।
[৪.৫.১] বিতরণকৃ র‍্যাপিড পাস লক্ষ্যমাত্রা ১০,০০০টি	"র‍্যাপিড পাস" মার্চ পর্যন্ত ১৬৮৭টি বিতরণ করা হয়েছে। ডিটিসিএ'র প্রতিনিধি জানান যে র‍্যাপিড পাস ব্যবহারের ক্ষেত্রে এখনো যথেষ্ট সুযোগ সৃষ্টি হয়নি। তদুপরি, বিআরটিসি ও বেসরকারি বাস পরিবহনে চালু র‍্যাপিড পাস ইতোমধ্যে চালু করা হয়েছে।	APA'র ন্যূনতম লক্ষ্যমাত্রা অনুযায়ী র‍্যাপিড পাস বিতরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। **বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ:** নির্বাহী পরিচালক, ডিটিসিএ।
[৫.১.১] একটি রুট সমীক্ষা/ট্রায়াল রান লক্ষ্যমাত্রা- ২৯.০৩.২০১৮	চেয়ারম্যান বিআরটিসি জানান যে APA'তে নির্ধারিত সময়সীমার মধ্যে অর্জন করা সম্ভব হবে। ট্রায়াল রানটি চলতি এপ্রিল মাসে বাংলাদেশ, ভারত ও নেপালের মধ্যে অনুষ্ঠিত হবে।	
[৬.১.১] সম্পাদিত গবেষণা/সমীক্ষা লক্ষ্যমাত্রা- ২টি	উপসচিব (বাজেট) জানান যে এ বিভাগের পরিকল্পনা উইং কর্তৃক এ বিভাগের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি প্রকল্প গ্রহনের উদ্যোগ নেয়া হয়। সে প্রকল্পেই গবেষণার বিষয়টি অন্তর্ভুক্ত ছিল। উপপ্রধান (কার্যক্রম) জানান প্রকল্পিট অতিশীঘ্রই অনুমোদিত হবে। এ সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।	দ্রুত এ বিভাগের সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পটির অনুমোদন গ্রহণপূর্বক APA 'র লক্ষ্যমাত্রা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। **বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ:** যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

উপরে বর্ণিত কর্মসম্পাদন সূচক ব্যতীত অন্যান্য সকল সূচকের অগ্রগতি সন্তোষজনক রয়েছে অথবা ইতোমধ্যে অর্জিত হয়েছে। এছাড়া APA'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ অংশের অর্জন সন্তোষজনক রয়েছে।

আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
২৫.০৪.২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নং-৩৫.০০.০০০০.০৪৭.২০.০০৪.১৭-১১০ — তারিখঃ ২০ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ / ০৩ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিতরণ :(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব ,(সকল)সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
২. প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), নগর ভবন, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন/বাজেট ও অডিট)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
৮. অতিরিক্ত নির্বাহী পরিচালক ,ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), নগর ভবন, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, পদ্মালিংক মহাসড়ক নির্মাণ প্রকল্প/সাসেক প্রকল্প/সাসেক-২ প্রকল্প/কেএমজি (২য়) প্রকল্প/পায়রা সেতু প্রকল্প/ভুলতা ফ্লাইওভার প্রকল্প/বিআরটি (বিমানবন্দর-গাজীপুর) প্রকল্প।

১০. উপসচিব (অডিট)/উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম) , সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১১. ট্রাফিক ইঞ্জিনিয়ার (উপসচিব),ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), নগর ভবন, ঢাকা।
১২. প্রকল্প ব্যবস্থাপক-৫ (উপসচিব), ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
১৩. পরিচালক (অপারেশন),বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট , সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৫. নির্বাহী প্রকৌশলী, পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ-২, সওজ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৬. সহকারী প্রধান (বৈদেশিক সহায়তা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৭. জনাব..

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :
১. সচিব মহোদয়ের একান্ত সচিব ,সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
২. অফিস কপি।

(অপূর্ব কুমার মন্ডল)
উপসচিব
ফোন: ৯৫৫৫৩২৩
ই-মেইল: sasbudget@rthd.gov.bd